**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/29/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# হারিকেন ফিওনার ধ্বংসযজ্ঞের পরে পুয়ের্তো রিকোতে নিউ ইয়র্ক স্টেটের অতিরিক্ত সম্পদ মোতায়েন করা সম্পর্কে গভর্নর হোকলে ঘোষণা

***পুয়ের্তো রিকোর অনুরোধে, নিউ ইয়র্ক স্টেট খাদ্য অনুদান এবং পানিসহ জরুরি সাড়াদান কর্মী ও সম্পদ পাঠাচ্ছে***

***স্টেট ইমার্জেন্সি অপারেশনস সেন্টার (State Emergency Operations Center) টিম দ্বীপটিতে মাল্টি-এজেন্সি সাড়াদান ও পুনরুদ্ধার কার্যক্রমের সমন্বয়সাধনে স্থানীয় সরকারকে সহায়তা করবে***

***ত্রাণ প্রচেষ্টার ব্যাপারে সহায়তা ও মূল্যায়ন করার জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রতিনিধি দল পুয়ের্তো রিকোতে পৌঁছানোর পরে এই মোতায়েন করা হচ্ছে***

যুক্তরাষ্ট্রের বিভিন্ন এলাকা হারিকেন ফিওনার বিপর্যয়কর প্রভাব থেকে পুনরুদ্ধার অব্যাহত রাখার এই সময়ে গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে, নিউ ইয়র্ক স্টেট পুয়ের্তো রিকোতে অতিরিক্ত সম্পদ মোতায়েন করছে, যার মধ্যে জরুরি সাড়াদান কর্মীদের একটি মাল্টি-এজেন্সি দল রয়েছে এবং দানকৃত খাদ্য ও পানি সরবরাহ প্রদান করা হচ্ছে। পুয়ের্তো রিকোর অনুরোধে, নিউ ইয়র্ক স্টেট একাধিক স্টেট সংস্থার সাথে সম্পৃক্ত হারিকেনের প্রতি সাড়াদান ও পুনরুদ্ধার অপারেশনের জন্য আকস্মিক ঘটনা ব্যবস্থাপনার ক্ষেত্রে সহায়তা করার জন্য ইমার্জেন্সি অপারেশন্স সেন্টারের একটি সাপোর্ট টিম পাঠাচ্ছে। ইমার্জেন্সি অপারেশন্স সেন্টারের সাপোর্ট টিম সাড়াদানের সাথে সম্পৃক্ত সরকারের সকল স্তরের মধ্যে সাড়াদান ও পুনরুদ্ধার কাজের ব্যবস্থাপনা, দিকনির্দেশনা, নিয়ন্ত্রণ ও সমন্বয়ের ক্ষেত্রে সহায়তা করবে। এই সপ্তাহের শুরুতে, গভর্নর হোকল ঘোষণা করেছিলেন যে তার প্রশাসনের সদস্যরা হারিকেন ফিওনা সংক্রান্ত ত্রাণ প্রচেষ্টায় সহায়তা ও মূল্যায়নের জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রতিনিধি দলের অংশ হিসেবে পুয়ের্তো রিকোর উদ্দেশ্যে যাত্রা করেছেন।

"নিউ ইয়র্কবাসীরা প্রয়োজনের সময় সবসময় অন্যদের পাশে থাকে এবং আমরা পুয়ের্তো রিকোর আকস্মিক ঘটনা ব্যবস্থাপনা প্রচেষ্টা বাস্তবায়ন করতে জরুরি অপারেশন্স টিমের জন্য অনুরোধকে সমর্থন করতে পেরে গর্বিত," **বলেছেন গভর্নর হোকল।** "আমরা হারিকেন ফিওনার ফলে প্রভাবিত প্রত্যেকের পাশে আছি এবং গভর্নর পিয়েরলুইসি ও পুয়ের্তো রিকোর

জনগণের যা কিছু সহায়তা প্রয়োজন তা প্রদান করা অব্যাহত রাখবো যাতে তারা ঠিকমতো পুনরুদ্ধার করতে পারে।"

দলের 16 জন সদস্য নিম্নলিখিত সংস্থাগুলো থেকে এসেছেন: পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation) (5); ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation) (3); হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের জরুরি ব্যবস্থাপনা অফিস (Division of Homeland Security and Emergency Services' Office of Emergency Management) (2); হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অফিস (Division of Homeland Security and Emergency Services' Office of Fire Prevention and Control) (4); অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজ্যাবিলিটিজ (Office for People with Developmental Disabilities) (1); কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets) (1)।

পুয়ের্তো রিকোতে যারা ঝড়ের ফলে প্রভাবিত হয়েছে তাদের জন্য, ফিডিং নিউ ইয়র্ক স্টেট (Feeding New York State) প্রায় 37,000 পাউন্ড মিশ্র তাজা পণ্য দান করেছে, যার মধ্যে রয়েছে বাঁধাকপি, স্কোয়াশ, পেঁয়াজ, গাজর, ও আলু। দানের মধ্যে সকল পণ্য, প্যাকিং ও শিপিং খরচ অন্তর্ভুক্ত রয়েছে। সর্বমোট 23 পাউন্ডের 1,680 বক্স খাবার দান করা হচ্ছে। লিবার্টি কোকা-কোলা বেভারেজেস 4,400 পাউন্ড পানি দান করেছে। সকল অনুদান বানকো ডি অ্যালিমেন্টোস ডি পুয়ের্তো রিকো (Food Bank of Puerto Rico)-তে যাচ্ছে যা পুয়ের্তো রিকো জুড়ে বিতরণ করা হবে।

**সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেন,** "দ্বীপটিতে হারিকেন ফিওনার তান্ডবের ফলে ঘটা ক্ষয়ক্ষতি সরাসরি প্রত্যক্ষ করার পরে পুয়ের্তো রিকোতে সংস্থানের জন্য ব্যাপক চাহিদা লক্ষ করা যাচ্ছে। নিউ ইয়র্ক স্টেট থেকে খাদ্য এবং অন্যান্য সংস্থানের চালান আসতে থাকায়, এটি স্পষ্ট যে গভর্নর হোকল প্রতিবেশীর সাহায্যে প্রতিবেশী কথাটির প্রকৃত অর্থ জানেন।"

**নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস এর কমিশনার জ্যাকি ব্রে বলেন** "পুয়ের্তো রিকোতে এই ঝড়ের প্রতি সাড়াদান করতে এবং এটি থেকে পুনরুদ্ধারের জন্য আমাদের অংশীদারদের প্রয়োজনীয় সব কিছু থাকার বিষয়টি নিশ্চিত করতে গভর্নর হোকল প্রতিশ্রুতিবদ্ধ। পুয়ের্তো রিকোতে আমাদের অপর পক্ষের প্রচেষ্টায় সমর্থন প্রদানের জন্য কর্মী পাঠাতে পেরে আমরা গর্বিত এবং যতদিন প্রয়োজন ততদিন পর্যন্ত তাদের সাড়াদান কার্যক্রমে সমর্থন দেয়া অব্যাহত রাখবো।"

**পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার বাসিল সেগোস বলেন,** "আরেকটি বিধ্বংসী হারিকেনের পরে পুয়ের্তো রিকোর নাগরিকদেরকে পুনরুদ্ধার কার্যক্রমে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক আবারো প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে। আমি গভর্নর হোকল এবং আমাদের সকল অংশীদারদের প্রশংসা করি এই বার্তা পুনর্ব্যক্ত করার জন্য যে, পুয়ের্তো রিকোর যখন প্রয়োজন হবে, তখন নিউ ইয়র্ক পুয়ের্তো রিকোর জনগণের প্রতি সংহতি প্রকাশ করবে এবং তাদের দ্বীপের পুনরুদ্ধার ও পুনর্নির্মাণে সাহায্য করবে।"

**পরিবহন বিভাগের কমিশনার ম্যারি থেরেস ডমিঙ্গুয়েজ বলেন,** "গভর্নর হোকল, তার কথা ও কাজের মাধ্যমে, পুয়ের্তো রিকোতে আমাদের বন্ধু ও প্রতিবেশীদের হারিকেন ফিওনার বিধ্বংসী পরিণতি থেকে পুনরুদ্ধারে সহায়তা করার জন্য নিউ ইয়র্কের প্রতিশ্রুতি তুলে ধরছেন। স্টেটের পরিবহন বিভাগ পুয়ের্তো রিকোতে ভালো যোগ্যতাসম্পন্ন দল পাঠাচ্ছে, যা পুনরুদ্ধার প্রচেষ্টায় সহায়তা করার জন্য এবং কাজ সম্পন্ন করার জন্য সরকারের সকল স্তরের সাথে সহযোগিতা করতে প্রস্তুত।"

**নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন,** "নিউ ইয়র্ক দীর্ঘদিন ধরে পুয়ের্তো রিকোর সাথে আমাদের সহযোগিতা এবং বন্ধুত্বকে মূল্যবান বলে মনে করে আসছে কারণ বাণিজ্যে আমাদের অংশীদারিত্ব বাড়ানোর জন্য আমরা কাজ করেছি। গভর্নর হোকলের নেতৃত্বের কল্যাণে, তাদের পুনরুদ্ধার ও পুনর্নির্মাণের এই সময়ে আমরা 37,000 পাউন্ড তাজা কৃষিজাত পণ্য দান করার মাধ্যমে তাদের প্রয়োজনের সময় এগিয়ে যেতে পেরে এবং সাহায্যের হাত বাড়িয়ে দিতে পেরে এবং কৃষি শিল্পসহ পরিবারসমূহ ও গুরুত্বপূর্ণ শিল্পগুলোকে সাহায্য করার জন্য আমাদের সেরা দলের কিছু সদস্যকে পাঠাতে পেরে গর্বিত। "

**অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজ্যাবিলিটিজ এর কমিশনার কেরি নেইফিল্ড বলেন,** "এই ঝড়-বিধ্বস্ত দ্বীপকে পুনরুদ্ধারের পথে যাত্রা শুরু করতে সাহায্য করার জন্য গভর্নর হোকলের ডাকে সাড়া দিতে OPWDD (Office for People With Developmental Disabilities, OPWDD) প্রস্তুত রয়েছে। একটি সংস্থা হিসেবে, যতদিন আমাদের উপস্থিতি প্রয়োজন হবে ততদিন আমরা এই প্রচেষ্টাকে সমর্থন করা অব্যাহত রাখবো।"

**লিবার্টি কোকা-কোলা বেভারেজের কো-ওনার ও কো-CEO পল মুলিগান বলেন,** "লিবার্টি কোকা-কোলা বেভারেজে, আমরা আমাদের কমিউনিটিগুলোকে সহায়তা করাকে গুরুত্ব দিই - বিশেষ করে প্রয়োজনের সময় - এবং যখন সেই কমিউনিটিগুলোর আমাদেরকে প্রয়োজন হয় তখন আমরা আমাদের কর্তব্য পালন করতে প্রতিশ্রুতিবদ্ধ থাকি। পুয়ের্তো রিকো আমাদের লিবার্টি এবং কোকা-কোলা পরিবারের একটি গুরুত্বপূর্ণ অংশ, এবং এই কমিউনিটির পুনরুদ্ধারে সাহায্য করার জন্য আমরা যা করতে পারি তা করা অব্যাহত রাখবো। হারিকেন ফিওনার দ্বারা ক্ষতিগ্রস্তদের ত্রাণ ও সহায়তা করতে সংস্থান সরবরাহ করার জন্য আমরা গভর্নর হোকলের প্রচেষ্টার প্রশংসা করি এবং সহায়তা করতে পেরে আমরা গর্বিত।"

**ডেল্টা এয়ার লাইন্স কার্গো এর ভাইস প্রেসিডেন্ট রব ওয়ালপোল বলেছেন,** "ডেল্টার সবচেয়ে দৃঢ়ভাবে ধারণ করা মূল্যবোধের মধ্যে একটি হলো আমাদের কমিউনিটির স্বাস্থ্য ও কল্যাণের প্রতি আমাদের প্রতিশ্রুতি, এবং দুর্যোগের সময় আমাদের পরিষেবা যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে সে সম্পর্কে আমরা অবগত আছি। পুয়ের্তো রিকোতে ত্রাণ প্রদানকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমরা গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের প্রশংসা করি এবং হারিকেন ফিওনার পরে যারা পুনরুদ্ধার কার্যক্রম চালিয়ে যাচ্ছেন তাদের সবার পাশে আমরা আছি।"

এই গত উইকএন্ডে, গভর্নর হোকল ঘোষণা করেছেন যে ঘূর্ণিঝড় ফিওনা পরবর্তী ত্রাণ প্রদানের প্রচেষ্টায় সহায়তা করার জন্য নিউ ইয়র্ক স্টেটের 50 জন ট্রুপারকে পুয়ের্তো রিকোতে মোতায়েন করা হয়েছে।

এছাড়াও গত সপ্তাহে, গভর্নর ঘূর্ণিঝড় ফিওনা পরবর্তী সময়ে পুয়ের্তো রিকোর অধিবাসীদের সহায়তা করার জন্য নিউ ইয়র্কের আর্থিক পরিষেবা শিল্পকে সম্পৃক্ত করার জন্য নতুন পদক্ষেপসমূহ ঘোষণা করেছেন। আর্থিক পরিষেবা বিভাগ (Department of Financial Services) নিউ ইয়র্কের স্টেট-চার্টার্ড ব্যাংকগুলোকে ঘূর্ণিঝড়ের দ্বারা ক্ষতিগ্রস্ত ভোক্তা ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সহায়তা করার জন্য সকল যুক্তিসঙ্গত পদক্ষেপ গ্রহণ করতে নির্দেশনা জারি করেছে, যার মধ্যে ATM ও বিলম্ব ফি মওকুফ, ATM থেকে অর্থ উত্তোলনের সীমা বৃদ্ধি, এবং অর্থ স্থানান্তর সহজীকরণ ও ত্বরান্বিতকরণ অন্তর্ভুক্ত রয়েছে। এসব পদক্ষেপ পুয়ের্তো রিকোতে বসবাসকারী পরিবার ও বন্ধুবান্ধবকে সহায়তা করতে সচেষ্ট বহু নিউ ইয়র্কবাসীর জন্য এবং একইসাথে নিউ ইয়র্কের ব্যাংক অ্যাকাউন্টধারী পুয়ের্তো রিকোর সব অধিবাসীর জন্য আর্থিক বোঝা লাঘব করতে সাহায্য করবে।

এছাড়াও প্রেসিডেন্ট বাইডেন এবং গভর্নর পিয়েরলুইসির সঙ্গে গভর্নর হোকল একটি FEMA ব্রিফিং-এ অংশগ্রহণ করেছেন এবং আরো একবার নিউ ইয়র্ক পূর্ণ সহায়তা প্রদান করবে বলে প্রতিশ্রুতি দিয়েছেন।

হারিকেন মারিয়ার পর থেকে, নিউ ইয়র্ক পুয়ের্তো রিকোকে ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA) মাধ্যমে বিলিয়ন বিলিয়ন ফেডারেল তহবিল পেতে সাহায্য করেছে যাতে তারা পুনরুদ্ধার পেতে পারে এবং দ্বীপের শক্তি অবকাঠামোর পুনর্গঠন করতে পারে, পাশাপাশি নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA) দ্বীপের পাওয়ারপ্ল্যান্টসমূহ এবং সাবস্টেশনগুলিতে কারিগরি মূল্যায়ন করছে। ঘূর্ণিঝড় মারিয়ার পর থেকে দ্বীপটিতে আঘাত হানা সবচেয়ে খারাপ ঝড়, ঘূর্ণিঝড় ফিওনা আঘাত হানার পরিপ্রেক্ষিতে গভর্নর হোকল ত্রাণ প্রচেষ্টায় পুয়ের্তো রিকোকে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক স্টেটের পদক্ষেপ গ্রহণের কথা ঘোষণা করেছিলেন। এসব প্রচেষ্টা পুনর্নির্মাণ ও পুনরুদ্ধারের কাজে পুয়ের্তো রিকোকে সাহায্য করার জন্য নিউ ইয়র্কের দীর্ঘদিন ধরে চলে আসা অঙ্গীকারাবদ্ধতাকে আরো শক্তিশালী করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418